

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮১ (অংশ-১).১৭-৪১০

তারিখঃ ১৭/১০/২০১৭ খ্রিঃ


বিষয়ঃ দরপত্র মূল্যায়নের পর কিছু চুক্তি স্বাক্ষরের পূর্বে Debar কৃত ঠিকাদারের সাথে ঠিকাদাচুক্তি প্রসঙ্গে।
সূত্রঃ ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৫০৬৮; তারিখঃ ০৫/০১০/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিপিআর, ২০০৮ এর বিধি-৪৮(২)(ঙ) তে দরদাতার যোগ্যতা অংশে debarment বিষয়ে যে শর্ত রয়েছে তা চুক্তি সম্পাদন নোটিশ গ্রহণের (Acceptance of NOA) পূর্ব পর্যন্ত সময়ের জন্য প্রযোজ্য। একজন দরদাতা চুক্তি সম্পাদন নোটিশ (NOA) গ্রহণ করে থাকলে তিনি বিধি মোতাবেক PS দাখিল এবং চুক্তি সম্পাদন করতে বাধ্য। তবে debarment ঘোষণার পরবর্তীতে আহ্বানকৃত সকল দরপত্রের ক্ষেত্রে, ক্রয়কারী debarment এর মেয়াদ এবং পরিধি উক্ত দরদাতার দরপত্রে অংশগ্রহণ করার যোগ্যতা নিরূপণের ক্ষেত্রে বিবেচনায় আনবে।

০২। বিবেচ্য পুত্র প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।

(দৃঃ আঃ- জনাব মোঃ আবদুস সাত্তার, নির্বাহী প্রকৌশলী, প্রকিউরমেন্ট ইউনিট)।


(মাসুদ আকতার খান)
পরিচালক (সংযুক্ত)
ফোনঃ ৯১৪৪২৫২-৩

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

www.lged.gov.bd


স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৫০৮৬

তারিখঃ ০৫ অক্টোবর, ২০১৭

বিষয়ঃ দরপত্র মূল্যায়নের পর কিন্তু চুক্তি স্বাক্ষরের পূর্বে Debar কৃত ঠিকাদারের সাথে ঠিকাচুক্তি প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ক্রয়বিধি, ২০০৮ এর বিধি ১২৭(৪)(খ) প্রয়োগের বিষয়ে এলজিইডির মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে অস্পষ্টতা রয়েছে। বিশেষত দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণের পর, কিংবা অনুমোদনের পর, কিংবা NOA জারির পর, কিংবা NOA গ্রহণের পর, এমনকি Performance Security প্রদানের পর একই দপ্তরের অন্য ক্রয়কারী কর্তৃক কিংবা অন্য দপ্তরের ক্রয়কারী কর্তৃক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে Debar করা হলে উক্ত Debar কৃত ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা যাবে কিনা এ বিষয়টি জরুরিভিত্তিতে স্পষ্টীকরণ প্রয়োজন।

এমতাবস্থায়, দরপত্র মূল্যায়নের পর কিন্তু চুক্তি স্বাক্ষরের পূর্বে Debar কৃত ঠিকাদারের সাথে ঠিকাচুক্তি করা যাবে কিনা এ বিষয়টি স্পষ্টীকরণ করার জন্য অনুরোধ করা হলো।


(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭

ই-মেইলঃ ce@lged.gov.bd

মহাপরিচালক
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৫০৮৬(৪)

তারিখঃ ০৫ অক্টোবর, ২০১৭


অনুলিপি কার্যার্থেঃ

১. প্রকল্প পরিচালক, _____ প্রকল্প,

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

২. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা-_____।

৩. উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলা-_____।


(মোঃ আবদুস সাভার)
নির্বাহী প্রকৌশলী
প্রকিউরমেন্ট ইউনিট

ফোনঃ ৮১৮১১০৩

ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd